

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসক, রাজশাহী  
ও  
রিটার্নিং অফিসারের কার্যালয়


গণ-বিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি শামীম আহমেদ, জেলা প্রশাসক, রাজশাহী ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৫ নভেম্বর ২০২৩/৩০ কার্তিক ১৪৩০ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে ৫৫ রাজশাহী-৪ নির্বাচনি এলাকার ভোটারগণকে স্ব নিৰ্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করিতেছি:-

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়ন পত্র দাখিলের শেষ তারিখ	:	১৫ অগ্রহায়ণ ১৪৩০ ৩০ নভেম্বর ২০২৩	বৃহস্পতিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০ ১-৪ ডিসেম্বর ২০২৩	শুক্রবার- সোমবার
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০ ০৫-০৯ ডিসেম্বর ২০২৩	মঙ্গলবার-শনিবার
(ঘ)	আপিল নিষ্পত্তি	:	২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০ ১০-১৫ ডিসেম্বর ২০২৩	রবিবার-শুক্রবার
(ঙ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০২ পৌষ ১৪৩০ ১৭ ডিসেম্বর ২০২৩	রবিবার
(চ)	প্রতীক বরাদ্দ	:	০৩ পৌষ ১৪৩০ ১৮ ডিসেম্বর ২০২৩	সোমবার
(ছ)	ভোটগ্রহণের তারিখ	:	২৩ পৌষ ১৪৩০ ০৭ জানুয়ারি ২০২৪	রবিবার

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাগে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ৫৫ রাজশাহী-৪ নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্যেষ্ঠতম আর্মি আরও জানাচ্ছি যে, আগামী ৩০ নভেম্বর ২০২৩/১৫ অগ্রহায়ণ ১৪৩০ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯ টা হতে বিকাল ০৪ টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসক, রাজশাহী ও রিটার্নিং অফিসারের কার্যালয়) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসার, বাগমারা, রাজশাহী) মনোনয়নপত্র সংগ্রহ পূর্বক দাখিল করা যাবে। সেই সাথে অনলাইনেও মনোনয়নপত্র দাখিল করা যাবে।

  
শামীম আহমেদ

জেলা প্রশাসক, রাজশাহী

ও  
রিটার্নিং অফিসার

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

৫৫ রাজশাহী-৪

ফোনঃ ০২৫৮৮৮৫৭০৫০

e-mail:-dcrajshahi@mopa.gov.bd


তারিখঃ ১ ৫ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বৎসর

নথি নং-১৭.০৪.৮১০০.০০০.৩৬.০০৮.২৩- ১৬৬৪

তারিখঃ ১৫ নভেম্বর ২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৩। উপ-মহা পুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী।
- ৪। পুলিশ কমিশনার, রাজশাহী সেন্ট্রাল পুলিশ, রাজশাহী।
- ৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ৬। উপমহাপরিচালক, আনসার ও ভিডিপি, রাজশাহী রেঞ্জ, রাজশাহী।
- ৭। পুলিশ সুপার, রাজশাহী।
- ৮। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, রাজশাহী।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার, বাগমারা, রাজশাহী ও সহকারী রিটার্নিং অফিসার, ৫৫ রাজশাহী-৪।
- ১০। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, রাজশাহী।
- ১১। পরিচালক, জেলা তথ্য অফিস, রাজশাহী। ৫৫ রাজশাহী-৪ নির্বাচনি এলাকায় জনসাধারণের মাঝে বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ১২। উপজেলা নির্বাচন অফিসার, বাগমারা, রাজশাহী।
- ১৩। অফিসার ইনচার্জ, বাগমারা থানা, রাজশাহী।
- ১৪। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বাগমারা, রাজশাহী।
- ১৫। নোটিশ বোর্ড।

  
শামীম আহমেদ

জেলা প্রশাসক, রাজশাহী

ও

রিটার্নিং অফিসার

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

৫৫ রাজশাহী-৪